২০২৬ শীতকালীন সেমিস্টার পুনর্নিবন্ধন এবং ভিসা বর্ধিতকরণ নির্দেশিকা

১. প্রধান সময়সূচি নির্দেশিকা

বিভাগ	সময়সূচি	মন্তব্য
১ম পুনর্নিবন্ধন আবেদন	১৪.১০.২০২৬ (বুধবার) ১৩:৩০ ~ ১৫.১০.২০২৬ (বৃহস্পতিবার) ১৪:০০ পর্যন্ত	অনলাইন আবেদন (১৫.১০.২০২৬ তারিখে ১৪:০০টায় সিস্টেম বন্ধ হবে)
১ম পুনর্নিবন্ধন পরিশোধ পদ্ধতি নির্বাচন	১৫.১০.২০২৬ (বৃহস্পতিবার) ১৫:০০ - ০:০০	Flywire অথবা ব্যাংক ট্রান্সফার নির্বাচন
বিল নিশ্চিতকরণ এবং টিউশন ফি পরিশোধ (১ম পুনর্নিবন্ধন)	১৬.১০.২০২৬ (শুক্রবার) ~ ২১.১০.২০২৬ (বুধবার)	* নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করলে পরবর্তী নিবন্ধনের সময় পরিশোধ করতে হবে
ভিসা বর্ধিতকরণ কাগজপত্র সংগ্রহ	২৩.১০.২০২৬ (শুক্রবার) ১০:০০ - ১৬:০০	আন্তর্জাতিক ভবন (International Building) ৩০৮ নম্বর কক্ষের প্রশাসনিক দল থেকে সংগ্রহ করতে হবে (পরিচয়পত্র অবশ্যই সাথে আনতে হবে)
২য় পুনর্নিবন্ধন আবেদন ও পরিশোধ	০২.১১.২০২৬ (সোমবার)	সরাসরি গিয়ে জমা ও একই দিনে ফি পরিশোধ (১০:০০ - ১৬:০০)
৩য় পুনর্নিবন্ধন আবেদন ও পরিশোধ	১৩.১১.২০২৬ (শুক্রবার) এবং ১৬.১১.২০২৬ (সোমবার)	সরাসরি গিয়ে জমা ও একই দিনে ফি পরিশোধ (১০:০০ - ১৬:০০)

* প্রশাসনিক দলের পরিস্থিতি অনুযায়ী উপরের সময়সূচি পরিবর্তিত হতে পারে।

২. পুনর্নিবন্ধন আবেদন

ক) পুনর্নিবন্ধন: যেসকল শিক্ষার্থী পরবর্তী সেমিস্টারেও (২০২৬ শীতকালীন সেমিস্টার) পড়ালেখা চালিয়ে যেতে চায়, তাদেরকে অবশ্যই সেমিস্টার চলাকালীন পুনর্নিবন্ধনের আবেদন করতে হবে।

খ) আবেদনের যোগ্যতা: পুনর্নিবন্ধনের ভিত্তিমূল তারিখে যাদের উপস্থিতির হার ৭০% বা তার বেশি।
[উপস্থিতির ভিত্তিমূল তারিখ] ১ম: ১২.১০.২০২৬ | ২য়: ৩০.১০.২০২৬ | ৩য়: ১৩.১১.২০২৬

গ) ১ম পুনর্নিবন্ধন আবেদন পদ্ধতি
(অনলাইন)

①১৪.১০.২০২৬ (বুধবার) ১৩:৩০ ~ ১৫.১০.২০২৬ (বৃহস্পতিবার) ১৪:০০ এর মধ্যে হানয়াং বিশ্ববিদ্যালয় পোর্টালে (https://portal.hanyang.ac.kr/sso/lgin.do) লগইন করে আবেদন করুন।

ID: ১০ অঙ্কের স্টুডেন্ট আইডি নম্বর / PW: ৮ অঙ্কের জন্মতারিখ (YYYY.MM.DD)

লগইন করতে সমস্যা হলে আগে থেকেই প্রশাসনিক দলের সাথে যোগাযোগ করুন।

② ১৫.১০.২০২৬ (বৃহস্পতিবার) ১৫:০০ - ০:০০ এর মধ্যে টিউশন ফি পরিশোধের পদ্ধতি নির্বাচন করুন।
- নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন না করলে স্বয়ংক্রিয়ভাবে ব্যাংক ট্রান্সফার হিসেবে সেট হয়ে যাবে।

③ ১৬.১০.২০২৬ তারিখে টিউশন ফি বিল চেক করুন এবং ফি পরিশোধ করুন।


ঘ) টিউশন ফির পরিমাণ নিশ্চিত করার পদ্ধতি:

ইতিপূর্বে যারা একাধিক সেমিস্টারের ফি (প্রতি সেমিস্টারে ১,৮০০,০০০ ওন) পরিশোধ করেছেন, শীতকালীন সেমিস্টারের ফি বৃদ্ধির কারণে তাদেরকে অতিরিক্ত ৫০,০০০ ওন পরিশোধ করতে হবে।

অ্যাকাউন্ট নম্বর: 100-014-338566 অ্যাকাউন্ট নাম: 한양대학교 국제교육원

প্রেরকের তথ্য: নিজের স্টুডেন্ট আইডি (학번)

পূর্বপ্রদেয় অর্থ (Prepaid amount) বা বকেয়া পরিমাণ (Unpaid amount) না থাকলে, পরিশোধের পদ্ধতি নির্বাচন করার পর বিল চেক করুন



ঙ) ২য় ও ৩য় পুনর্নিবন্ধন (সরাসরি গিয়ে আবেদন):

প্রশাসনিক দলে সরাসরি উপস্থিত হয়ে স্টুডেন্ট আইডি ও পরিচয়পত্র (এলিয়েন রেজিস্ট্রেশন কার্ড বা পাসপোর্ট) জমা দিন।

সরাসরি আবেদনের ক্ষেত্রে একই দিনে ফি পরিশোধ করা বাধ্যতামূলক, অন্যথায় নিবন্ধন বাতিল হবে।

চ) টিউশন ফি নির্দেশিকা:

লেভেল ১ ~ ৬	১,৮৫০,০০০ ওন
লেভেল ৭	১,৪২০,০০০ ওন

৩. সতর্কতামূলক বিষয়াবলি

[আবেদনকৃত লেভেল]

অনলাইন পুনর্নিবন্ধনের সময় বর্তমান লেভেল অনুযায়ী আবেদন করতে হবে।

(সেমিস্টার শেষে উত্তীর্ণ বা অনুত্তীর্ণ ফলাফলের ওপর ভিত্তি করে পরবর্তী

সেমিস্টারের লেভেল নির্ধারিত হবে।)

[সকালের ক্লাসের আবেদন]
সকালের ক্লাস পুনর্নিবন্ধনের দিনে 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে দেওয়া হয়। সকালের ক্লাসের আসন পূর্ণ হয়ে গেলে শুধু বিকালের ক্লাসে আবেদন করা যাবে।

[অগ্রিম নিবন্ধনের ক্ষেত্রে]: প্রথমবার আবেদনের সময় একাধিক সেমিস্টারের ফি পরিশোধ করে থাকলেও পরবর্তী সেমিস্টারে পড়ার ইচ্ছা থাকলে পুনর্নিবন্ধনের আবেদন করতে হবে।

[উপস্থিতির ঘাটতির কারণে বাতিল]: সেমিস্টার শেষে উপস্থিতির হার ৭০%-এর কম হলে পুনর্নিবন্ধন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে (ইমেইলের মাধ্যমে জানানো হবে)।

৪. D-4 ভিসা ধারীদের জন্য ভিসা বর্ধিতকরণ নির্দেশিকা

(শুধুমাত্র প্রযোজ্য শিক্ষার্থীদের ইমেইলের মাধ্যমে আলাদাভাবে জানানো হবে)

ক) ব্যক্তিগতভাবে ভিসা বর্ধিতকরণ:

হাইকোরিয়া (HiKorea) ই-গভর্নমেন্ট সাইটে ব্যক্তিগতভাবে অনলাইনে আবেদন করা যাবে।

পুনর্নিবন্ধন ও টিউশন ফি পরিশোধ সম্পন্ন হলেই কেবল ভিসা বর্ধিতকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ইস্যু করা যাবে।

নির্ধারিত সময়ের মধ্যে ভিসা না বাড়ালে যে ক্ষতি হবে, তার সম্পূর্ণ দায়ভার শিক্ষার্থীর। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এতে কোনো সহায়তা করতে পারবে না।

খ)Hire Visa-র মাধ্যমে ভিসা বর্ধিতকরণের আবেদন করা সম্ভব। যে কোনো সময় আবেদন করা যায় এবং তারা প্রয়োজনীয় কাগজপত্রের পরামর্শ দেয়।

গ) ভিসা বর্ধিতকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

বিভাগ	প্রয়োজনীয় কাগজের তালিকা	মন্তব্য
প্রয়োজনীয় কাগজপত্র	① পাসপোর্টের কপি	শিক্ষার্থীকে নিজে প্রস্তুত করতে হবে
	② এলিয়েন রেজিস্ট্রেশন কার্ড (ARC)	
	③ বর্তমান ঠিকানার প্রমাণপত্র	
	④ অধ্যয়নরত থাকার সনদ (Certificate of Enrollment)	**পুনর্নিবন্ধন শেষে ২৩.১০.২০২৬ তারিখে প্রশাসনিক দল (৩০৮ নম্বর কক্ষ, ১০:০০-১৬:০০) থেকে সংগ্রহ করতে হবে**
	⑤ টিউশন ফি পরিশোধের সনদ	

(উপরের সব কাগজপত্র প্রস্তুত করে ভিসা বর্ধিতকরণের আবেদনের সময় একসাথে জমা দিতে হবে।)

※ থাকার জায়গার ধরন অনুযায়ী ঠিকানার প্রমাণপত্র

থাকার ধরন	প্রমাণপত্র	চেক করার বিষয়
বিশ্ববিদ্যালয় ডরমিটরি	① ডরমিটরিতে থাকার সনদপত্র	• ২০২৬.১০.২৩ তারিখে প্রশাসনিক দল থেকে সংগ্রহ করা
নিজের নামে বাসা/রুম	① স্ট্যান্ডার্ড রেন্টাল কন্ট্রাক্ট	• মানসম্মত ফরম্যাট ছাড়া অন্য চুক্তির ক্ষেত্রে সঠিক ঠিকানা, বাড়িওয়ালা ও ভাড়াটিয়ার তথ্য, স্বাক্ষর এবং বসবাসের মেয়াদ স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে
গোশিওয়ান, Airbnb, শেয়ার হাউস, বোর্ডিং হাউস, গেস্ট হাউস ইত্যাদি	① থাকার জায়গার কনফার্মেশন লেটার ② প্রতিষ্ঠানের বিজনেস রেজিস্ট্রেশন সার্টিফিকেট ③ ভাড়া পরিশোধের রসিদ	• কনফার্মেশন লেটারে হাতে লেখা ঠিকানা এবং বিজনেস রেজিস্ট্রেশন কার্ডের (বিজনেস কার্ডের) ঠিকানা একই হতে হবে •থাকার জায়গার কনফার্মেশন লেটার জমার ক্ষেত্রে প্রবেশের তারিখ উল্লেখ থাকতে হবে • নগদে দিলে রসিদ, ব্যাংকে পাঠালে ট্রান্সফার স্টেটমেন্ট (Airbnb-র ক্ষেত্রে রসিদ পেজের প্রিন্ট কপি জমা দেওয়া যাবে)
অন্যের নামে বাসা/রুম	① থাকার জায়গার কনফার্মেশন লেটার ② বাসা প্রদানকারীর আইডি কার্ডের এপিঠ-ওপিঠ	• কনফার্মেশন লেটারে থাকার শুরুর তারিখ উল্লেখ থাকতে হবে • বাসা প্রদানকারীর আইডি কার্ডের পেছনের ঠিকানা ও কনফার্মেশন লেটারের ঠিকানা একই হতে হবে • পেছনের ঠিকানার সাথে না মিললে, ঠিকানা প্রমাণকারী রিয়েল এস্টেট চুক্তিপত্র অতিরিক্ত জমা দিতে হবে